গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ বেতার,সদর দপ্তর
৩১, সৈয়দ মাহবুব মোর্শেদ সরণি
শের-ই-বাংলা নগর,আগারগাঁও, ঢাকা-১২০৭।
www.betar.gov.bd

বিষয় ঃ **৩০-০৪-২০১৯ ইং তারিখে অনুষ্ঠিত বাংলাদেশ বেতারের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী।**

সভাপতি ঃ জনাব নারায়ণ চন্দ্র শীল, মহাপরিচালক, বাংলাদেশ বেতার, ঢাকা।
সভার তারিখ ও সময় ঃ ৩০ এপ্রিল ২০১৯ ; সকাল ১০:০০ ঘটিকা।
সভার স্থান ঃ বাংলাদেশ বেতার, সদর দপ্তরের সম্মেলন কক্ষ।
উপস্থিতির তালিকা ঃ পরিশিষ্ট "ক"

সভাপতি মহোদয় সভার শুরুতে উপস্থিত সকল কর্মকর্তাকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন এবং আলোচ্যসূচী অনুযায়ী সভা পরিচালনা করার জন্য পরিচালক (প্রশাসন ও অর্থ) কে অনুরোধ করেন। সভায় আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্রমিক	আলোচ্য বিষয়	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১	গত সভার কার্যবিবরণী অনুমোদন	গত সভার কার্যবিবরণী অনুমোদনের জন্য সভায় পেশ করা হয়।	সর্বসম্মতিক্রমে সভায় কার্যবিবরণী দৃঢ়করণ করা হয়।	প্রশাসন শাখা
২	মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা ও প্রতিশ্রুতি বাস্তবায়ন অগ্রগতি বাংলাদেশ বেতারের মহাপরিচালকের পদ গ্রেড-১ এ উন্নীতকরণসহ অন্যান্য পদ উন্নীতকরণ সংক্রান্ত।	বাংলাদেশ বেতার বিসিএস (তথ্য বেতার) ক্যাডার পদসমূহের বেতনস্কেল নির্ধারন ও উন্নীতকরণের ক্ষেত্রে অর্থ মন্ত্রণালয়ের বাস্তবায়ন অধিশাখা-৫ এর জারিকৃত নিয়োগ যোগ্যতা ও অভিজ্ঞতার কলাম আংশিক সংশোধনের জন্য বাংলাদেশ বেতার থেকে গত ১৭/০৪/২০১৯ তারিখ ১৫.৫৩.০০০০.০১২.১৫.০০৬ (অংশ).১৮-৩০৮ সংখ্যক পত্র মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।	মহাপরিচালক মহোদয় তথ্য মন্ত্রণালয় ও জনপ্রশাসন মন্ত্রণালয়ের সাথে বর্ণিত বিষয়ে যোগাযোগ রক্ষা করার জন্য সংশ্লিষ্টদের নির্দেশনা প্রদান করেন।	অনুষ্ঠান, বার্তা ও প্রকৌশল শাখার প্রতিনিধি
৩	বাংলাদেশ বেতারের অর্গানোগ্রাম প্রস্তুতকরণ সংক্রান্ত।	অনুষ্ঠান, বার্তা, প্রকৌশল ও প্রশাসন শাখা থেকে প্রাপ্ত সাংগঠনিক কাঠামো গত ১০/০১/২০১৯ তারিখ বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকার ১৫.৫৩.০০০০.০১২.৯৯.০০১.১৮-৪৪ সংখ্যক পত্রের মাধ্যমে তথ্য মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।	মহাপরিচালক মহোদয় তথ্য মন্ত্রণালয় ও জনপ্রশাসন মন্ত্রণালয়ের সাথে উক্ত বিষয়ে যোগাযোগ রক্ষা করার জন্য সংশ্লিষ্টদের নির্দেশনা প্রদান করেন।	উপ-মহাপরিচালক (বার্তা). প্রধান প্রকৌশলী ও উপ-মহাপরিচালক (অনুষ্ঠান)

৪	ই-ফাইলিং কার্যক্রম	ই-ফাইলিং কার্যক্রমে বাংলাদেশ বেতারের অবস্থান পূর্বে ছিলো ১৭ তম, বর্তমানে অবস্থান ১২তম। পরিচালক (প্রশাসন ও অর্থ) সভাকে অবহিত করেন যে, সদর দপ্তরের প্রশাসন শাখা হতে এ পর্যন্ত ই-ফাইলিং-এ ২৬১টি নথি নিস্পত্তি হয়েছে। এ বিষয়ে মহাপরিচালক মহোদয় বাংলাদেশ বেতারের সকল দপ্তরে ই-ফাইলিং কার্যক্রম চালু করার জন্য নির্দেশনা প্রদান করেন।	সদর দপ্তরের মত আঞ্চলিক কেন্দ্রগুলোতে ই-ফাইলিং চালু করার লক্ষ্যে উক্ত কেন্দ্র থেকে ০১ জন করে কর্মকর্তা/কর্মচারীদের সমন্বয়ে একটি প্রশিক্ষণ কর্মশালা সদর দপ্তরে আয়োজন করার জন্য মহাপরিচালক মহোদয় প্রশাসন শাখাকে নির্দেশনা প্রদান করেন।	প্রশাসন শাখা
৫	২০১৮-২০১৯ খ্রিঃ সালের APA বাস্তবায়ন ও অগ্রগতি	জানুয়ারি/১৯ থেকে মার্চ/১৯ পর্যন্ত ত্রৈমাসিক প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। এছাড়া APA এর ৩য় প্রান্তিকের ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদন সফটওয়ারে এন্ট্রি দেওয়া হয়েছে। উল্লেখ্য ১০, ১১, ১৫ ও ১৬ এপ্রিল ২০১৯ তারিখ সদর দপ্তরসহ মাঠ পর্যায়ের ১৬০ জন কর্মকর্তাদের নিয়ে APA বাস্তবায়ন বিষয়ে ০৪ দিনের কর্মশালা বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকায় অনুষ্ঠিত হয়। বার্ষিক কর্ম সম্পাদন চুক্তির আবশ্যিক বিষয়সমূহ বাস্তবায়ন অগ্রগতি সন্তোষজনক।	বার্ষিক কর্ম সম্পাদন চুক্তির আবশ্যিক বিষয়সমূহ সম্পন্ন করতে সকল আঞ্চলিক কেন্দ্র/ইউনিটের দপ্তর প্রধানদের নির্দেশনা প্রদান করা হয়।	প্রশাসন শাখা
৬	অডিট আপত্তি নিস্পত্তি সংক্রান্ত	ইতোমধ্যে বাংলাদেশ বেতার সদর দপ্তরে ২০১৭-২০১৮ অর্থ বছরের সিভিল অডিট অধিদপ্তরের নিরীক্ষাদল কর্তৃক নিরীক্ষা কার্যক্রম সম্পন্ন করা হয়েছে। বাংলাদেশ বেতারে ২০১৮-২০১৯ অর্থ বছরে ৩৭টি অনিস্পন্ন অডিট আপত্তি ছিলো। জড়িত টাকা ৮ কোটি ৯৫ লক্ষ ৯০ হাজার টাকা। জুলাই/১৮ থেকে মার্চ/১৯ পর্যন্ত ৩টি অডিট আপত্তি নিস্পত্তি করা হয়েছে। জড়িত টাকা ৬ লক্ষ ৭২ হাজার। বর্তমানে ৩৪টি অডিট আপত্তি রয়েছে। জড়িত টাকা ৮ কোটি ৮৯ লক্ষ ১৮ হাজার টাকা। গত ১৭/৭/২০১৮ তারিখে ৬টি আপত্তি নিয়ে তথ্য মন্ত্রণালয়ে ত্রিপক্ষীয় সভা হয়। সভায় ১টি আপত্তি নিস্পত্তির সুপারিশ করা হয়েছে। যা সিভিল অডিট অধিদপ্তরে চূড়ান্ত নিস্পত্তির জন্য প্রেরণ করা হয়েছে। কোন নিস্পত্তি পত্র পাওয়া যায়নি। যোগাযোগ অব্যাহত রয়েছে। এছাড়া ১৭টি অডিট আপত্তি নিস্পত্তির জন্য ১৮/১১/২০১৮ তারিখ দ্বি-পক্ষীয় সভা করা হয়েছে। সভায় ১১টি আপত্তি নিস্পত্তির সুপারিশ করা হয়েছে। যা সিভিল অডিট অধিদপ্তরে প্রেরণ করা হয়েছে। যোগাযোগ অব্যাহত রয়েছে।	অডিট আপত্তি নিস্পত্তির কার্যক্রম জোরদার করার বিষয়ে সদর দপ্তরসহ সকল আঞ্চলিক কেন্দ্র/ইউনিটের দপ্তর প্রধানদের নির্দেশনা প্রদান করা হয়। ভবিষ্যতে অডিট আপত্তি যাতে না হয় সে বিষয়ে সংশ্লিষ্ট সকলকে আরো তৎপর হওয়ার নির্দেশনা প্রদান করা হয়।	প্রশাসন শাখা

৭	নিরাপত্তা সংক্রান্ত	ক) সদর দপ্তরের প্রশাসন শাখার পাশাপাশি আগারগাঁওস্থ সকল দপ্তর/ইউনিট প্রধানগণ নিজ নিজ দপ্তরের নিরাপত্তা নিশ্চিত করতে হবে।	ক) এ বিষয়ে মহাপরিচালক মহোদয় সম্মতি প্রদান করেন এবং বাংলাদেশ বেতার, সদর দপ্তরসহ সকল কেন্দ্র/ইউনিটের নিরাপত্তা জোরদার করার জন্য মহাপরিচালক মহোদয় নির্দেশনা প্রদান করেন।	পরিচালক (প্রশাসন ও অর্থ) ও নিরাপত্তা কমিটি ও সকল দপ্তর প্রধান
		খ) কেপিআই কমিটির সুপারিশ মোতাবেক অদ্যাবধি বাংলাদেশ বেতার, সদর দপ্তরের মূল ফটকে অত্যাধুনিক সিকিউরিটি সিস্টেম স্থাপন করা হয়নি।	খ) উক্ত বিষয়ে মহাপরিচালক মহোদয় অসন্তোষ প্রকাশ করেন।	প্রকল্প পরিচালক
			এছাড়া সদর দপ্তরসহ সকল কেন্দ্র/ইউনিটের নিরাপত্তা জোরদার করার জন্য মহাপরিচালক মহোদয় নিম্নোক্ত নির্দেশনা প্রদান করেন। ক) আগত অতিথিদের চেক ব্যতীত দপ্তরে প্রবেশ করতে না দেওয়া। খ) গেট দিয়ে আগমনের সময় সকল গাড়ী ও মোটর সাইকেল চেক করা। গ) একজন কর্মকর্তা কর্তৃক ০৫টির বেশি পাশ ইস্যু না করা এবং পাশ দেওয়ার ক্ষেত্রে ডিডি লেভেলের কর্মকর্তা ব্যতীত পাশ ইস্যু না করা। ঘ) সার্বক্ষনিক (২৪ ঘন্টা) নিরাপত্তা ব্যবস্থা জোরদারকরণের লক্ষ্যে নিরাপত্তা কর্মকর্তাদের ডিউটি সিফটওয়ারি করা।	নিরাপত্তা কর্মকর্তা
৮	জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন ও অগ্রগতি সংক্রান্ত	বাংলাদেশ বেতারের ২০১৮-২০১৯ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও পরীবিক্ষণ কাঠামো অনুযায়ী ৩য় প্রান্তিকের প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। খ) শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালা ২০১৭ এবং মন্ত্রিপরিষদ বিভাগের ১৩.০৩.২০১৮ তারিখের০৪.০০.০০০০.৮২২.১৪.০৪২.১৬.০৫ ৩ নম্বর স্পটীকরণ পত্র অনুযায়ী বাংলাদেশ বেতারের কর্মকর্তা/কর্মচারীদের শুদ্ধাচার পুরস্কার প্রদানের লক্ষ্যে একটি কমিটি গঠনের বিষয়ের আলোচনা করা হয়।	শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালা ২০১৭ অনুযায়ী বাংলাদেশ বেতারের কর্মকর্তা/কর্মচারীদের শুদ্ধাচার পুরস্কার প্রদানের লক্ষ্যে একটি কমিটি গঠনের সিদ্ধান্ত গৃহীত হয়।	প্রশাসন শাখা

৯ (১)	বাংলাদেশ বেতারে চলমান প্রকল্পসমূহের অগ্রগতি পর্যালোচনা। বাংলাদেশ বেতার, শাহবাগ কমপ্লেক্স আগারগাঁও, ঢাকায় স্থানান্তর, নির্মাণ ও আধুনিকায়ন (১ম পর্যায়)। (৩০/০৫/২০১৩ ৩০/০৬/২০১৮)	বাংলাদেশ বেতার, শাহবাগ কমপ্লেক্স, আগারগাঁও, ঢাকায় স্থানান্তর, নির্মাণ ও আধুনিকায়ন (১ম পর্যায়)-৩য় সংশোধিত কার্যক্রম চলমান রয়েছে। বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের মুরাল নির্মানের জন্য ডিজাইন প্রণয়নের কাজ চলমান রয়েছে। ১৭ কোটি ৭৬ লক্ষ টাকা বরাদ্দ থেকে এ পর্যন্ত ৬ কোটি ২৪ লক্ষ ৫৫ হাজার টাকা খরচ হয়েছে। অবশিষ্ট সময়ে সম্পূর্ন টাকা ব্যয় করা সম্ভব হবেনা বিধায় ৯ কোটি ৮৭ লক্ষ টাকা সমাপর্নের জন্য মন্ত্রণালয়ে পত্র দেয়া হয়েছে। প্রকল্পের মেয়াদ আগামী ডিসেম্বর ২০১৯ পর্যন্ত বৃদ্ধির কার্যক্রম আই এম ই ডিতে প্রক্রিয়াধীন আছে। ইতোমধ্যে আই এম ই ডির প্রতিনিধি কর্তৃক প্রকল্প পরিদর্শন করেছেন।	বাংলাদেশ বেতার, শাহবাগ কমপ্লেক্স, আগারগাঁও, ঢাকায় স্থানান্তর, নির্মাণ ও আধুনিকায়ন (১ম পর্যায়)-৩য় সংশোধিত প্রকল্পটি নির্ধারিত সময়ের মধ্যে শেষ করতে সভায় তাগিদ দেওয়া হয়।	প্রধান প্রকৌশলী ও প্রকল্প পরিচালক
৯ (২)	ময়মনসিংহ ও গোপালগঞ্জে দু'টি স্বয়ংসম্পূর্ণ ও উন্নত প্রযুক্তির ১০ কিলোওয়াট এফ এম বেতার কেন্দ্র স্থাপন। (০১/০৭/২০১২ ৩১/১২/২০১৮)	বাংলাদেশ বেতার, ময়মনসিংহ ও গোপালগঞ্জ কেন্দ্রের জন্য রাজস্ব খাতে পদ সৃজনের বিষয়ে গত ০৩/০৪/১৯ তারিখ জনপ্রশাসন মন্ত্রণালয় হতে ০৫.০০.০০০০.১৫৮.১৫.০১৩.১৮-৮১ সংখ্যক পত্রের মাধ্যমে গোপালগঞ্জ কেন্দ্রের জন্য ৭৩টি ও ময়মনসিংহ কেন্দ্রের জন্য ৭০টি অর্থাৎ ১৪৩টি পদ অস্থায়ীভাবে রাজস্ব খাতে সৃজনসংক্রান্ত অসম্পূর্ন প্রস্তাব ফেরত প্রদানপূর্বক স্বয়ংসম্পূর্ণ প্রস্তাব প্রেরণের জন্য অনুরোধ জানিয়েছেন স্বয়ংসম্পূর্ন প্রস্তাব দ্রুত মন্ত্রণালয়ে প্রেরণ করা হবে	এ বিষয়ে মহাপরিচালক মহোদয় তথ্য মন্ত্রণালয় ও জনপ্রশাসন মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ রক্ষা করার জন্য সংশ্লিষ্টদের নির্দেশনা প্রদান করেন।	প্রশাসন
৯ (৩)	জাতীয় বেতার ভবনে আধুনিক ও ডিজিটাল যন্ত্রপাতি স্থাপন। (০১/০১/২০১৬ ৩০/০৬/২০১৮)	২০৯০.০০ লক্ষ টাকার ক্রয় সম্পন্ন হয়েছে ১৭৪২.০০ লক্ষ টাকার কার্যাদেশ প্রদান করা হয়েছে ২৩০২.০০ লক্ষ টাকার দরপত্র মূল্যায়ন চলছে সিডি-ভ্যাট পরিশোধ করা হয়েছে ২১৪.০০ লক্ষ টাকা। GD১ প্যাকেজের আওতায় সিডি-ভ্যাট পরিশোধ করার জন্য ৮২০.০০ লক্ষ টাকা প্রয়োজন হবে	জাতীয় বেতার ভবনে আধুনিক ও ডিজিটাল যন্ত্রপাতি স্থাপন প্রকল্পটি নির্ধারিত সময়ের মধ্যে শেষ করতে সভায় তাগিদ দেওয়া হয়।	প্রধান প্রকৌশলী ও প্রকল্প পরিচালক
৯ (৪)	Establisment of 1000 kilowatt Medium Wave Transmitter at Super Power. (০১/০১/২০১৬ ৩০/০৬/২০১৯)	e-gp তে ০৯টি দরপত্রের চুক্তি করা হয়েছে চলতি আর্থিক বছরে ১০৫০.০০ লক্ষ টাকা খরচ হয়েছে।	Establisment of 1000 kilowatt Medium Wave Transmitter at Super Power প্রকল্পটি নির্ধারিত সময়ের মধ্যে শেষ করতে সভায় তাগিদ দেওয়া হয়।	প্রধান প্রকৌশলী ও প্রকল্প পরিচালক
৯ (৫)	সিলেট আধুনিকায়ন স্থাপন শীর্ষক প্রকল্প (০১/০৭/২০১৮ ৩০/৬/২০২০)	১. PIC ও PSC সভা অনুষ্ঠিত হয়েছে। সে অনুসারে ডিপিপি সংশোধনের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়েছে। এবং তা প্রক্রিয়াদীন রয়েছে। ২. GD৩ এর আওতায় MW ট্রান্সমিটারের জন্য ০২ঠি দরপত্র জমা পড়েছে। মূল্যায়ন প্রক্রিয়াধীন রয়েছে। ৩. WD৩ এর পূর্তকাজ চলমান রয়েছে। ৪. শীতাতপ নিয়ন্ত্রক যন্ত্রপাতি স্থাপনের কাজ চলমান রয়েছে। ৫.GD১১ এর টেন্ডার ই-জিপি প্রক্রিয়ায় আহবাণ করা হয়েছে।	বাংলাদেশ বেতার সিলেট আধুনিকায়ন ও ডিজিটালাইজেশন সম্প্রচার যন্ত্রপাতি স্থাপন শীর্ষক প্রকল্পটির কাজ আশানুরুপ অগ্রগতি না হওয়ায় মহাপরিচালক মহোদয় প্রকল্প পরিচালকের উপর অসন্তোষ প্রকাশ করেন। প্রকল্প পরিচালককে আরও তৎপর হওয়ার জন্য এবং নির্ধারিত সময়ের মধ্যে কাজ শেষ করতে সভায় তাগিদ দেওয়া হয়।	প্রধান প্রকৌশলী ও প্রকল্প পরিচালক

<table>
<tr><td>১০</td><td>বাংলাদেশ বেতারের অকেজো মালামাল নিলামকরণ সংক্রান্ত</td><td>বাংলাদেশ বেতার সদর দপ্তরসহ সকল আঞ্চলিক কেন্দ্রে/ইউনিটের দীর্ঘদিনের পুরাতন - অকেজো মালামাল ও অন্যান্য পুরাতন মালামালের তালিকা প্রস্তুত ও মূল্য নির্ধারনের জন্য কমিটি গঠন করে দ্রত নিলাম করার বিষয়ে আলোচনা করা হয়।</td><td>বাংলাদেশ বেতার সদর দপ্তরসহ সকল আঞ্চলিক কেন্দ্রে/ইউনিটের দীর্ঘদিনের পুরাতন - অকেজো মালামাল ও অন্যান্য পুরাতন মালামালের তালিকা প্রস্তুত ও মূল্য নির্ধারনের জন্য কমিটি গঠন করার জন্য সকল আঞ্চলিক কেন্দ্র/ইউনিটের দপ্তর প্রধানদের মহাপরিচালক মহোদয় নির্দেশনা প্রদান করেন।</td><td>সদর দপ্তরসহ সকল কেন্দ্র/ইউনিটের প্রধানগণ</td></tr>
<tr><td>১১</td><td>অনিয়মিত শিল্পীদের রিট সংক্রান্ত।</td><td>অনিয়মিত শিল্পীদের নিয়মিত পদে আত্তীকরণ এবং বিভাগীয় প্রার্থী হিসাবে নিয়োগের সুযোগ প্রদান ও রাজশাহী কেন্দ্রের ২৫জন, রংপুর কেন্দ্রের ০৭ জন অনিয়িমিত শিল্পীদের চুক্তিপত্র বাতিল করে নিয়মিত পদে আত্তীকরণসহ সর্বমোট ৭৫ জন কর্মচারী বিভিন্ন তারিখে রিট পিটিশন করেন। এ বিষয়ে রিটপিটিশনের দফওয়ারী জবাব, ওকালতনামা ও লেটার অব অথরিটি তথ্য মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।</td><td>অনিয়মিত শিল্পীদের রিট সংক্রান্ত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পরিচালক (প্রশাসন ও অর্থ) কে মহাপরিচালক মহোদয় নির্দেশনা প্রদান করেন।</td><td>প্রশাসন</td></tr>
<tr><td>১২</td><td>সংরক্ষণ অনুবিভাগ কর্তৃক ক্রয়কার্য সংক্রান্ত</td><td>২০১৮-২০১৯ অর্থ বছরে দপ্তর/সংস্থার অনুন্নয়ন বাজেটের ক্রয় পরিকল্পনার সার সংক্ষেপ নিম্নরুপ
<table>
<tr><th>ক্রয় পদ্ধতির নাম</th><th>মোট টেন্ডার সংখ্যা</th><th>সমাপ্ত কাজ/ টেন্ডার</th><th>চলমান কাজ/ টেন্ডার</th></tr>
<tr><td>e-GP</td><td>০৫টি</td><td>০৪টি</td><td>০১টি</td></tr>
<tr><td>OTM</td><td>২২টি</td><td>০২টি</td><td>২০টি</td></tr>
<tr><td>LTM</td><td>৩১টি</td><td>২৬টি</td><td>০৫টি</td></tr>
<tr><td>DPM</td><td>১৮টি</td><td>০৯টি</td><td>০৯টি</td></tr>
<tr><td>RFQ</td><td>১৪টি</td><td>০৯টি</td><td>০৫টি</td></tr>
<tr><td>অন্যান্য</td><td>০৭টি</td><td>০৪টি</td><td>০৩টি</td></tr>
<tr><td>মোট</td><td>৯৭টি</td><td>৫৪টি</td><td>৪৩টি</td></tr>
</table></td><td>২০১৮-২০১৯ অর্থ বছরে বরাদ্দকৃত ১৩ কোটি ১১ লক্ষ টাকা দপ্তর/সংস্থার বিভিন্ন কাজে ব্যয় করার জন্য অর্থ বছর শেষ হওয়ার পূর্বেই বরাদ্দকৃত টাকার কাজ শেষ করতে সভায় তাগিদ দেওয়া হয়।</td><td>সিনিয়র প্রকৌশলী/ সংরক্ষণ অনুবিভাগ</td></tr>
<tr><td>১৩</td><td>বিবিধ</td><td>১.কর্মকর্তা/কর্মচারীদের অফিসে সময়মত আসা ও যাওয়ার বিষয়ে গত মাসের রিপোর্ট অনুযায়ী দেখা যায় যে, আগারগাঁওস্থ অনেক দপ্তরের দপ্তর প্রধানসহ কর্মকর্তা/কর্মচারী ফেস ডিটেকটরের মাধ্যমে দপ্তরের উপস্থিতি নিশ্চিত করেননি।

২. একটি এফএম চ্যানেল সার্বক্ষনিক (২৪ ঘন্টা) চালু রাখার বিষয়ে আলোচনা।

৩. বাংলাদেশ বেতার, ঢাকা কেন্দ্রে ডে-কেয়ার সেন্টার করার বিষয়ে মহাপরিচালক মহোদয় সম্মতি প্রদান করেন এবং সমাজ কল্যাণ মন্ত্রণালয়ের সাথে দ্রুত যোগাযোগ করার জন্য উপ-মহাপরিচালক (অনুষ্ঠান)-কে দায়িত্ব প্রদান করেন।</td><td>১. এ বিষয়ে মহাপরিচালক মহোদয় অসন্তোষ প্রকাশ করেন এবং অফিসে সময়মত আসা ও যাওয়ার বিষয়ে এবং ফেস ডিটেকটরের মাধ্যমে দপ্তরের উপস্থিতি নিশ্চিত করার জন্য পুনরায় নির্দেশনা প্রদান করেন।

২. এ বিষয়ে মহাপরিচালক মহোদয় স্টেশন প্রকৌশলী, ট্রান্সক্রিপশন সার্ভিস, বাংলাদেশ বেতার, ঢাকা-কে একটি এফএম চ্যানেল সার্বক্ষণিক (২৪ ঘন্টা) দ্রুত চালু করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করেন।

৩. এ বিষয়ে সমাজ কল্যাণ মন্ত্রণালয়ের সাথে দ্রুত যোগাযোগ করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপ-মহাপরিচালক (অনুষ্ঠান)-কে পুনরায় নির্দেশনা প্রদান করেন।</td><td>সদর দপ্তরসহ আগারগাঁওস্থ সকল দপ্তর প্রধান

স্টেশন প্রকৌশলী/ ট্রান্সক্রিপশন সার্ভিস

উপ-মহাপরিচালক (অনুষ্ঠান)</td></tr>
</table>

		৪. বিভিন্ন সাক্ষাতকার মূলক অনুষ্ঠানসহ সরাসরি বিভিন্ন অনুষ্ঠানে সরকারের বিভিন্ন মন্ত্রণালয়ের মন্ত্রী/প্রতিমন্ত্রী/উপমন্ত্রী ও সচিবসহ গণমান্য ব্যাক্তিগণ বাংলাদেশ বেতারে আসেন। উক্ত বিষয়ে মহাপরিচালক মহোদয়কে অবগত না করায় অসন্তোষ প্রকাশ করেন।	৪. অনুষ্ঠানে অংশগ্রহণের জন্য সরকারের বিভিন্ন মন্ত্রণালয়ের মন্ত্রী/প্রতিমন্ত্রী/উপমন্ত্রী ও সচিবসহ গণমান্য ব্যাক্তিগণ বাংলাদেশ বেতারে আসার পূর্বেই মহাপরিচালক মহোদয়কে অবগত করার সিদ্ধান্ত গৃহীত হয়।	উপ-মহাপরিচালক (অনুষ্ঠান)/ আঞ্চলিক পরিচালক, ঢাকা
		৫. কোরআন তেলাওয়াত ও তর্জমার বিষয়ে মহাপরিচালক মহোদয় জানান কোরআন তেলাওয়াত ও তর্জমা একই ব্যাক্তি করলে শ্রুতিমধুর শোনায়।	৫. এ বিষয়ে মহাপরিচালক মহোদয় নির্দেশনা দেন যাদের উচ্চারন ভালো তাঁদের মধ্যে থেকে একই ব্যাক্তি কোরআন তেলাওয়াত ও তর্জমা করবেন।	আঞ্চলিক পরিচালক, ঢাকা
		৬. বিভিন্ন ফ্রিকোয়েন্সি রেডিও সেট মহাপরিচালক মহোদয়ের দপ্তর কক্ষে দেওয়ার বিষয়ে আলোচনা হয়।	৬. অতি দ্রুত মহাপরিচালক মহোদয়ের দপ্তর কক্ষে বিভিন্ন ফ্রিকোয়েন্সি রেডিও সেট সরবরাহের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	প্রধান প্রকৌশলী
		৭. বাংলাদেশ বেতারের জলসা অনুষ্ঠানে কর্মকর্তা/কর্মচারী/শিল্পী/কলাকুশলীরা উপস্থিত না থাকার বিষয়ে মহাপরিচালক মহোদয় অসন্তোষ প্রকাশ করেন।	৭. বাংলাদেশ বেতারের জলসা অনুষ্ঠানে কর্মকর্তা / কর্মচারী /শিল্পী/ কলাকুশলীদের বাধ্যতামূলক উপস্থিত থাকার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	আগারগাঁওস্থ সকল দপ্তর

পরিশেষে, মহাপরিচালক মহোদয় সকল কর্মকর্তাকে আন্তরিকভাবে কাজ করার নির্দেশনাসহ উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন

নারায়ণ চন্দ্র শীল
মহাপরিচালক
ফোন : ৪৪৮১৩০৬২

নং- ১৫.৫৩.০০০০.০১৪.০৬.০০৩.১৮- ৩২৫

তারিখ : ৩০/০৫/১৯

অনুলিপি ঃ সদয় অবগতিকল্পে :

১. সচিব, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দৃষ্টি আকর্ষণ ঃ উপ-সচিব, বাজেট-১ শাখা)।
২. সিস্টেম এনালিস্ট, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

বিতরণ: সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)।

১) উপ-মহাপরিচালক (বার্তা), বাংলাদেশ বেতার, সদর দপ্তর, আগারগাঁও, ঢাকা
২) প্রধান প্রকৌশলী, বাংলাদেশ বেতার,সদর দপ্তর, আগারগাঁও, ঢাকা।
৩) উপ-মহাপরিচালক (অনুষ্ঠান), বাংলাদেশ বেতার, সদর দপ্তর, আগারগাঁও, ঢাকা
৪) পরিচালক (প্রশাসন ও অর্থ), বাংলাদেশ বেতার, সদর দপ্তর, আগারগাঁও, ঢাকা
৫) অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সংরক্ষণ ও সরঞ্জাম/কারিগরী কার্য, বাংলাদেশ বেতার, ঢাকা/২×২৫০ কিঃ ও ঃ এইচ এফ প্রেরণ কেন্দ্র, বাংলাদেশ বেতার, কবিরপুর, ঢাকা/মহাশক্তি প্রেরণ কেন্দ্র, বাংলাদেশ বেতার, ধামরাই, ঢাকা।
৬) আবাসিক প্রকৌশলী, উচ্চশক্তি প্রেরণ কেন্দ্র-১/২, বাংলাদেশ বেতার, সাভার, ঢাকা/বাংলাদেশ বেতার, নওয়াপাড়া, যশোর/বাংলাদেশ বেতার, কালুরঘাট, চট্টগ্রাম/ বাংলাদেশ বেতার, কাহালু বগুড়া।
৭) সিনিয়র প্রকৌশলী, গবেষণা ও গ্রহণ কেন্দ্র, বাংলাদেশ বেতার, ঢাকা (সভার কার্যবিবরণীটি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৮) সিনিয়র প্রকৌশলী, গবেষণা ও গ্রহণ কেন্দ্র/সংরক্ষণ শাখা/ জাতীয় বেতার ভবন/ পরিকল্পনা শাখা, বাংলাদেশ বেতার, আগারগাঁও, ঢাকা।
৯) প্রকল্প পরিচালক, শাহবাগস্থ সদর দপ্তর স্থানান্তর প্রকল্প/ময়মনসিংহ ও গোপালগঞ্জে দুটি স্বয়ংসম্পূর্ন ১০ কিলোওয়াট এফ.এম বেতার কেন্দ্র স্থাপন প্রকল্প/জাতীয় বেতার ভবনে আধুনিক ও ডিজিটাল সম্প্রচার যন্ত্রপাতি স্থাপন প্রকল্প/বাংলাদেশ বেতারের মহাশক্তি প্রেরণ কেন্দ্রে ১০০০ কি.ও মধ্যম তরঙ্গ ট্রান্সমিটার স্থাপন প্রকল্প/বাংলাদেশ বেতার সিলেট কেন্দ্র আধুনিকায়ন ও ডিজিটালাইজেশন সম্প্রচার যন্ত্রপাতি স্থাপন শীর্ষক প্রকল্প।
১০) পরিচালক, অনুষ্ঠান/লিয়াজোঁ/শিক্ষা/সংগীত/কৃষি কার্যক্রম/জনসংখ্যা,স্বাস্থ্য ও পুষ্টি সেল/কেন্দ্রীয় বার্তা/মনিটরিং পরিদপ্তর/বাণিজ্যিক কার্যক্রম/ ট্রান্সক্রিপশন সার্ভিস/ বহির্বিশ্ব কার্যক্রম, বাংলাদেশ বেতার, ঢাকা।
১১) আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/সিলেট/রংপুর/খুলনা/বরিশাল/কক্সবাজার/বান্দরবান/ঠাকুরগাঁও/রাঙ্গামাটি/কুমিল্লা।
১২) অতিরিক্ত পরিচালক (প্রশাসন ও অর্থ), বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকা।
১৩) আঞ্চলিক প্রকৌশলী, বাংলাদেশ বেতার, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/সিলেট/রংপুর/খুলনা/বরিশাল/কক্সবাজার/বান্দরবান/ঠাকুরগাঁও/রাঙ্গামাটি/নিম্নশক্তি প্রেরণ কেন্দ্র, বাংলাদেশ বেতার, লালমাই, কুমিল্লা।
১৪) স্টেশন প্রকৌশলী, মনিটরিং পরিদপ্তর/ ট্রান্সক্রিপশন সার্ভিস, বাংলাদেশ বেতার, ঢাকা।
১৫) আঞ্চলিক বার্তা নিয়ন্ত্রক, বাংলাদেশ বেতার, চট্টগ্রাম/রাজশাহী/সিলেট/রংপুর/খুলনা/বরিশাল/কক্সবাজার/বান্দরবান/ঠাকুরগাঁও/রাঙ্গামাটি/কুমিল্লা।
১৬) উপ-আঞ্চলিক প্রকৌশলী, কেন্দ্রীয় ভান্ডার, বাংলাদেশ বেতার, পাহাড়তলী, চট্টগ্রাম।
১৭) সম্পাদক, বেতার প্রকাশনা, বাংলাদেশ বেতার, ঢাকা।
১৮) উপ-পরিচালক (প্রশাসন ও অর্থ), বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকা।
১৯) নিরাপত্তা কর্মকর্তা, বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকা/জাতীয় বেতার ভবন, বাংলাদেশ বেতার, ঢাকা/মহাশক্তি প্রেরণ কেন্দ্র, বাংলাদেশ বেতার,ধামরাই,ঢাকা/উচ্চশক্তি প্রেরণ কেন্দ্র-১, বাংলাদেশ বেতার, সাভার, ঢাকা।
২০) মহাপরিচালক মহোদয়ের একান্ত সহকারী (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

মোহাম্মদ হামিদুর রহমান ৩০/৫/১৯
উপ-পরিচালক (প্রশাসন ও অর্থ)